# রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

# Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.


স্মারক নং -পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/২৬৪৬

তারিখ: ১৬.১১.২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত শূন্যপদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা | বিভাগ/শাখা |
|---|---|---|
| ১. | মেডিকেল অফিসার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | হেল্থ কেয়ার সেন্টার |
| ২. | পিও টু প্রো-ভাইস চ্যান্সেলর-০১ (এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের অফিস |
| ৩. | সেকশন অফিসার-৩ (তিন) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | এম কেরামত আলী হল, আইকিউএসি, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল (বহি:ক্যাম্পাস) |
| ৪. | বাজেট অফিসার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | বাজেট সেকশন |
| ৫. | এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)-০১ (এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | প্রকৌশল বিভাগ |
| ৬. | উপ-সহকারী খামার তত্ত্বাবধায়ক-০১ (এক) টি<br>বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-'১৫ (গ্রেড-১০) | এগ্রোনমি বিভাগ |
| ৭. | নার্স-০২ (দুই) টি<br>বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-'১৫ (গ্রেড-১০) | হেল্থ কেয়ার সেন্টার |
| ৮. | ফটোগ্রাফার কাম ভিডিও অপারেটর-০১ (এক) টি<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/-'১৫ (গ্রেড-১১) | জনসংযোগ ও প্রকাশনা বিভাগ |
| ৯. | স্টোর কিপার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/-'১৫ (গ্রেড-১৩) | প্রকৌশল বিভাগ |
| ১০. | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট-৮ (আট) টি<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/-'১৫ (গ্রেড-১৬) | মাৎস্যবিজ্ঞান ডিন অফিস, কৃষিতত্ত্ব বিভাগ, প্রকিউরমেন্ট এন্ড স্টোর সেকশন, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, আইকিউএসি, কবি বেগম সুফিয়া কামাল হল, শের-ই-বাংলা হল-১, ক্যাশ, ফান্ড এন্ড পেনশন সেকশন। |
| ১১. | কার্পেন্টার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-'১৫ (গ্রেড-১৭) | প্রকৌশল বিভাগ |
| ১২. | ইলেকট্রিশিয়ান-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-'১৫ (গ্রেড-১৭) | শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল (বহি:ক্যাম্পাস)। |
| ১৩. | ল্যাব এ্যাটেনডেন্ট-৬ (ছয়) টি<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/-'১৫ (গ্রেড-১৮) | কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, কৃষিতত্ত্ব বিভাগ, কীটতত্ত্ব বিভাগ, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, এ্যানিমাল সায়েন্স, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং বিভাগ। |
| ১৪. | বুক বাইন্ডার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/-'১৫ (গ্রেড-১৮) | কেন্দ্রীয় গ্রন্থাগার |
| ১৫. | কুক-৫ (পাঁচ) টি<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/-'১৫ (গ্রেড-১৮) | শেরে-ই-বাংলা-১, শেরে-ই-বাংলা-২, অতিথি ভবন (কৃষিকুঞ্জ), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল (বহি:ক্যাম্পাস)। |
| ১৬. | কিচেন হেলপার-৩ (তিন) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | অতিথি ভবন (কৃষিকুঞ্জ), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, বীর শ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর হল (বহি:ক্যাম্পাস) |
| ১৭. | গার্ড-৩ (তিন) টি<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | এম কেরামত আলী হল, শেরে-ই-বাংলা-১ |
| ১৮. | অফিস সহায়ক-৫ (পাঁচ) টি<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | ইকোনোমিক্স এন্ড সোসিওলজি বিভাগ, কৃষি বনায়ন বিভাগ, সেন্ট্রাল ল্যাবরেটরী, আইকিউএসি, কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন বিভাগ। |
| ১৯. | এ্যাটেনডেন্ট-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | শারীরিক শিক্ষা বিভাগ |
| ২০. | হেলপার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | পরিবহন বিভাগ |
| ২১. | মালী-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | কৃষি খামার বিভাগ |
| ২২. | সুইপার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫ (গ্রেড-২০) | শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল |

উপরোক্ত পদ সমূহে আবেদন করার যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকে সংগ্রহ করতে হবে।

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ৪.১২.২০২২ খ্রি. (বিকেল ৫ টা পর্যন্ত)।**

16.11.2022

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Phone: +8804427-56008, PABX: +8804427-56014/221, FAX: +88-04427-56112, E-mail: registrar@pstu.ac.bd

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

**Office of the Registrar**
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

**১৬.১১.২০২২ খ্রি. তারিখের পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/২৬৪৬ স্মারক মর্মে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির তথ্যাদিঃ**

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | মেডিকেল অফিসার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস. ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/ সমমানের গ্রেডসহ কমপক্ষে ১টি ১ম বিভাগ/শ্রেণী/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে বিএমডিসি এর রেজিস্ট্রেশনভূক্ত হতে হবে। উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ২. | পিও টু প্রো-ভাইস চ্যান্সেলর-০১(এক)টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর/টেকনিক্যাল বিষয়ে স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/সমমানের গ্রেডসহ কমপক্ষে ১টি ১ম বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণী প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>**অথবা**<br>প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কর্মকর্তা/সমমানের পদে বেতন স্কেল টাকা [(বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-'১৫ (গ্রেড-১০)] হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ৩. | সেকশন অফিসার-০৩ (তিন) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর/টেকনিক্যাল বিষয়ে স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/সমমানের গ্রেডসহ কমপক্ষে ১টি ১ম বিভাগ/শ্রেণী/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণী প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>**অথবা**<br>প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কর্মকর্তা/সমমানের পদে বেতন স্কেল টাকা [(বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-'১৫ (গ্রেড-১০)] হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ৪. | বাজেট অফিসার-০১(এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/ সমমানের গ্রেডসহ কমপক্ষে ১টি ১ম বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম বিভাগ/শ্রেণী/ সমমানের গ্রেড প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে ।<br>**অথবা**<br>প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতক/ বিবিএ ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/ সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী বাজেট অফিসার/ সমমানের পদে বেতন স্কেল টাকা [(বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-'১৫ (গ্রেড-১০)] হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে । বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |

Phone: +8804427-56008, PABX: +8804427-56014/221, FAX: +88-04427-56112, E-mail: registrar@pstu.ac.bd



16.11.22

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ৫. | এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)-০১(এক) টি<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-'১৫<br>(গ্রেড-৯) | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/মহাবিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/সমমানের গ্রেডসহ কমপক্ষে ১টি ১ম বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট/বোর্ড হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ প্রথম শ্রেণীর/সমমানের ডিপ্লোমাধারী হতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ০৮ (আট) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে উপ-সহকারী প্রকৌশলী/সমমানের পদে বেতন স্কেল টাকা [(বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-'১৫ (গ্রেড-১০)] হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেনী/সমমানের গ্রেড গ্রহনযোগ্য হবে না। বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ৬. | উপ-সহকারী খামার তত্ত্বাবধায়ক-০১ (এক) টি<br>(বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-'১৫<br>(গ্রেড-১০) | প্রার্থীকে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ১ম শ্রেনীর/সমমানের কৃষি ডিপ্লোমা ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/সমমানের গ্রেড থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ৭. | নার্স-০২ (দুই) টি<br>(বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-'১৫<br>(গ্রেড-১০) | প্রার্থীকে অবশ্যই সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী নার্সিং এ ১ম শ্রেনীর/সমমানের ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেনী/সমমানের গ্রেড গ্রহনযোগ্য হবে না। প্রার্থীর নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশনভূক্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ৮. | ফটোগ্রাফার কাম ভিডিও অপারেটর-০১ (এক) টি<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/-'১৫<br>(গ্রেড-১১) | প্রার্থীকে ফটো টেকনোলজী/ফটোগ্রাফীতে ১ম শ্রেণীর ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/ সমমানের গ্রেড থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ৯. | স্টোর কিপার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/-'১৫<br>(গ্রেড-১৩) | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হতে হবে।<br>খ) স্টোর ও হিসাবরক্ষণ কাজে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১০. | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট-৮ (আট) টি<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/-'১৫<br>(গ্রেড-১৬) | ক) প্রার্থীকে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পাশ ও কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞান সম্পন্ন হতে হবে।<br>খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/সমমান গ্রেড থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১১. | কার্পেন্টার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-'১৫<br>(গ্রেড-১৭) | ক) কমপক্ষে এস এস সি পাশসহ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১২. | ইলেকট্রিশিয়ান-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-'১৫<br>(গ্রেড-১৭) | ক) কমপক্ষে এস এস সি (বিজ্ঞান) পাশসহ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>খ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লাইসেন্সধারী হতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১৩. | ল্যাব এ্যাটেনডেন্ট-৬ (ছয়) টি<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/-'১৫<br>(গ্রেড-১৮) | ক) কমপক্ষে এস এস সি (বিজ্ঞান) পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১৪. | বুক বাইন্ডার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/-'১৫<br>(গ্রেড-১৮) | ক) কমপক্ষে এস এস সি পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১৫. | কুক-৫ (পাঁচ) টি<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/-'১৫<br>(গ্রেড-১৮) | ক) কমপক্ষে এস এস সি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>খ) দেশী-বিদেশী রান্নার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১৬. | কিচেন হেলপার-৩ (তিন) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) অন্যূন ৮ম শ্রেণী পাশ হতে হবে।<br>খ) দেশী-বিদেশী রান্নার কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১৭. | গার্ড-৩ (তিন) টি<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) কমপক্ষে এস এস সি পাশ হতে হবে ।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১৮. | অফিস সহায়ক-৫ (পাঁচ) টি<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) কমপক্ষে এস এস সি পাশ হতে হবে ।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ১৯. | এ্যাটেনডেন্ট-০১ (এক) টি<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) কমপক্ষে এস এস সি পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ২০. | হেলপার-০১ (এক) টি<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) কমপক্ষে এস এস সি পাশ হতে হবে ।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ২১. | মালী-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) কমপক্ষে এস এস সি (বিজ্ঞান) পাশ হতে হবে ।<br>খ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |
| ২২. | সুইপার-০১ (এক) টি<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-'১৫<br>(গ্রেড-২০) | ক) অন্যূন ৮ম শ্রেণী পাশ হতে হবে।<br>খ) জাত মেথরের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। |

শর্তাবলী ঃ

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত ১০ (দশ) সেট দরখাস্ত রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী বরাবর আগামী ৪.১২.২০২২. খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্র পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকে সংগ্রহ করতে হবে।

২. স্বারক নং-পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/২০/১০৭২ ও তারিখ: ১৮.১০.২০২০ খ্রি.; স্মারক নং -পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১১৪৩ ও তারিখ ৩১.১০.২০২০ খ্রি.; তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করতে হবে।

৩. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবেঃ-

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র;

(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।



16.11.2022

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

**Office of the Registrar**
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

৪. ক্রমিক ০১ থেকে ৭ নং পদের জন্য গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেনীর সমমান বলতে জিপিএ/সিজিপিএ ৫ এর জন্য কমপক্ষে ৪ এবং জিপিএ/সিজিপিএ ৪ এর জন্য কমপক্ষে ৩.৫ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেনীর সমমান বলতে জিপিএ/ সিজিপিএ ৫ এর জন্য কমপক্ষে ৩.০ এবং জিপিএ/ সিজিপিএ ৪ এর জন্য কমপক্ষে ২.৭৫ বুঝাবে।

৫. ক্রমিক ৮ থেকে ২২ নং পদের জন্য গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেনীর সমমান বলতে জিপিএ/সিজিপিএ ৫ এর জন্য কমপক্ষে ৪ এবং জিপিএ/সিজিপিএ ৪ এর জন্য কমপক্ষে ৩.৫ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেনীর সমমান বলতে জিপিএ/ সিজিপিএ ৫ এর জন্য কমপক্ষে ৩.০ এবং জিপিএ/ সিজিপিএ ৪ এর জন্য কমপক্ষে ২.৫ বুঝাবে।

৬. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।

৭. বিজ্ঞাপিত সকল পদের জন্য প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর।

৮. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবশ্যই আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৯. সরকারী বিধি-বিধানের আলোকে নিয়োগ পদ্ধতিতে বিভিন্ন কোটা অনুসরণযোগ্য। তবে মুক্তিযোদ্ধা প্রার্থীদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্রের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি বিধি/পবিপ্রবি বিধান প্রযোজ্য।

১০. উপজাতীয় সম্প্রদায়ভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

১১. অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী যথাযথ অভিজ্ঞতার বিবরণ দিতে হবে।

১২. বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরতরা অগ্রাধিকার পাবেন এবং সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর শর্তাবলীর যে কোন একটি শিথিলযোগ্য।

১৩. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগের ক্ষেত্রে কমপক্ষে ২ (দুই) বছর মাস্টাররোল/মৌসুমী শ্রমিক হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল যোগ্য।

১৪. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে IQAC শাখাতে জনবল নিয়োগের ক্ষেত্রে IQAC কাজে অভিজ্ঞাতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদানসহ বয়স ও অন্যান্য শর্তবালী শিথিলযোগ্য।

১৫. আবেদনপত্রের সাথে 'পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী' শিরোনামে রূপালী ব্যাংক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে (রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড ৯ ও ১০ এর জন্য ৯০০/- (নয়শত) টাকা; গ্রেড ১১, ১৩ ও ১৬ এর জন্য ৬০০/- (ছয়শত) টাকা; গ্রেড ১৭, ১৮ ও ২০ এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১৬. প্রার্থীকে আবেদনকৃত পদের নাম ও বিভাগ খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১৭. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১৮. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

২০. অভিজ্ঞতার ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতা বিবেচ্য হিসেবে গন্য হবে।

২১. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রার্থীরা স্ব-স্ব শাখা প্রদানের মাধ্যমে তাঁদের আবেদন অগ্রগামী করতে পারবেন। এ ক্ষেত্রে তাঁদের প্রশাসনিক অনুমোদনের প্রয়োজন হবে না।

২২. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২২.৯.২০২২ খ্রি. তারিখে নং-০৫.০০.০০০.১৭০.১১.০১৭০.১১.০১৭.২০-১৪৯ স্মারক মর্মে ২৫.৩.২০২০ খ্রি. তারিখে যাদের বয়স ৩০ (ত্রিশ) বছর হবে তারাও আবেদন করার সুযোগ পাবেন।

২৩. যে কোন পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪. নিয়োগের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

16.11.2022
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।